

কালের কর্ত্তা

এআইইউবিতে ১০ম সিজেন কনফারেন্সের উদ্বোধন

অনলাইন ডেক্স : ২৫ অক্টোবর, ২০২৫ ১২:১৮



আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি বাংলাদেশ (এআইইউবি)-এর মিডিয়া অ্যান্ড মাস কমিউনিকেশন (এম.এম.সি) বিভাগের আয়োজনে “১০ম কমিউনিকেশন অ্যান্ড জার্নালিজম এডুকেটরস নেটওয়ার্ক (সিজেন) কনফারেন্স ২০২৫”-এর আনুষ্ঠানিক উদ্বোধন হয়েছে।

২৪ অক্টোবর (বৃহস্পতিবার) এআইইউবি ক্যাম্পাসে এ কনফারেন্সের উদ্বোধন করা হয়। ডিড্রিউ একাডেমির সহযোগিতায় আয়োজিত এই দুইদিনব্যাপী সম্মেলনে দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মিডিয়া শিক্ষাবিদ, গণমাধ্যম পেশাজীবী ও শিক্ষার্থীরা অংশগ্রহণ করছেন।

সম্মেলনের মূল প্রতিপাদ্য— “মিডিয়া ট্রান্সফর্মড : বাংলাদেশ অ্যাট এ ক্রসরোডস”। এর আলোকে সাংবাদিকতা ও যোগাযোগ শিক্ষার অগ্রযাত্রায় গবেষণা, সহযোগিতা এবং সংলাপকে উৎসাহিত করাই এই আয়োজনের প্রধান উদ্দেশ্য।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় ম্যাজিস্ট্রেট কমিশনের (ইউজিসি) চেয়ারম্যান অধ্যাপক ড. এস এম এ ফয়েজ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, এশিয়ান মিডিয়া ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন সেন্টারের সেক্রেটারি-জেনারেল র্যামন গিলার্মো আর. তুয়াজন।

আরো উপস্থিত ছিলেন, এআইইউবি-এর প্রতিষ্ঠাতা ও ট্রাস্টি বোর্ডের সদস্য ইশতিয়াক আবেদীন, এআইইউবি-এর ভাইস চ্যান্সেলর অধ্যাপক ড. সাইফুল ইসলাম, অধ্যাপক ড. জুড উইলিয়াম জেনিলো, প্রো-ভাইস চ্যান্সেলর, ইউল্যাব ও চেয়ারম্যান, সিজেন বাংলাদেশ।

উদ্বোধনী বক্তব্য দেন, এআইইউবি-এর ট্রাস্ট বোর্ডের সদস্য ও সাবেক ভাইস চ্যান্সেলর ড. কারমেন জেড. লামাগনা। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও বিভিন্ন প্রতিষ্ঠানের গণমাধ্যম পেশাজীবীরা।

দুইদিনব্যাপী এ কনফারেন্সে মূল প্রবন্ধ উপস্থাপন, প্যানেল আলোচনা এবং একাডেমিক পেপার সেশন অনুষ্ঠিত হবে। এআইইউবি-এর মিডিয়া অ্যান্ড মাস কমিউনিকেশন বিভাগের এই আয়োজন দেশব্যাপী ঘোষাঘোগ ও সাংবাদিকতা শিক্ষার মানোন্নয়নে একটি ইতিবাচক ভূমিকা রাখবে বলে আয়োজকরা আশা প্রকাশ করেন।

এবারের কনফারেন্সটি এআইইউবি ও সিজেন উভয়ের জন্যই একটি গুরুত্বপূর্ণ মাইলফলক, কারণ প্রথমবারের মতো এখানে গবেষণাপত্র উপস্থাপনের সুযোগ রাখা হয়েছে। এই উদ্যোগ দেশের ঘোষাঘোগ ও গণমাধ্যম বিষয়ে উচ্চশিক্ষায় গবেষণা ও জ্ঞানচর্চায় নতুন দিগন্ত উন্মোচন করবে বলে আশা।